

## শিক্ষা নিয়ে ব্যবসাঃ কোর্জ স্কুলের সংখ্যা বাড়ছে

।।দিলীপ দেবনাথ।।

স্কুলের সংখ্যাগণতা ও শিক্ষা-মান অবনতির সুযোগে মহানগরীতে ব্যবসায়িক একটি শিক্ষাব্যবস্থা গড়ে উঠেছে। পাড়ায় পাড়ায় যেখানে সেখানে গজিয়েছে বহু কিন্ডার গার্টেন ও প্রি-ক্যাডেট নামধারী স্কুল।

ঢাকায় এখনকার স্কুলের সংখ্যা প্রায় ১৮শ। এসব স্কুলে পড়াশুনা করছে প্রায় সাড়ে তিন লাখ ছাত্রছাত্রী। গত বছর মহানগরীতে এসব স্কুলের সংখ্যা ছিল প্রায় ১৭শ।

ব্যবসায়িক ভিত্তিতে পরিচালিত এসব স্কুল শুধু ঢাকাতেই সীমাবদ্ধ নেই। মফস্বল শহর-এমনকি গ্রামাঞ্চলেও এ জাতীয় স্কুল গড়ে উঠেছে। সারাদেশে এদের সংখ্যা হবে প্রায় ৭ (পাঁচ হাজার)।

এ জাতীয় স্কুল খোলার জন্য

কোন বিধিনিষেধ নেই। সরকার বা শিক্ষা বিভাগের কাছে কোন শর্তও পূরণ করতে হয় না। ফলে এসব স্কুল চালানো সহজতর। এজন্য মূলধন হিসেবে প্রয়োজন শুধু একটি বাড়ি, কিছু আসবাব (৭-এর পঃ ২-এর কঃ দঃ)

## স্কুলের সংখ্যা

(১ম পঃ ২য়)

ও কয়েকজন শিক্ষক এবং একজন সংগঠক।

খোঁজ নিয়ে দেখা গেছে, অধিকাংশ ক্ষেত্রেই শিক্ষিত বেকার, প্রাক্তন শিক্ষক অথবা বিত্তান ব্যক্তি প্রধানত আয়ের একটি উৎস হিসেবে কিন্ডার গার্টেন অথবা প্রি-ক্যাডেট স্কুল খোলার পন্থাটি বেছে নিয়েছেন। এর কিছু কিছু স্কুলের পরিচালনা আবার পরিবারভিত্তিক।

এসব স্কুলে ছাত্র বেতনের অংক বেশি। সাধারণত ৭০ থেকে ১৫০ টাকা। তবে এর চেয়ে বেশ বেতনের স্কুলও আছে বেশ কিছু। অনেক স্কুলে আবার বোর্ডিংয়ের ব্যবস্থা আছে। এজন্য দিতে হয় মাসে ১ হাজার থেকে ১৫শ টাকা।

জানুয়ারী মাসের প্রথম থেকেই বিভিন্ন কোর্জ ও প্রি-ক্যাডেট স্কুল ভর্তির আহ্বান জানিয়ে খবরের কাগজে বিজ্ঞাপন দিচ্ছে। বিজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে যে তাদের স্কুলে ভর্তি হলে গান ও ছবি আঁকা শেখানো হয়, গৃহ-শিক্ষকের প্রয়োজন হয় না, যাতায়াতের সুব্যবস্থা আছে, ইংরেজী কথা বলা শেখানো হয়, ইসলামী শিষ্টাচার শিক্ষা দেয়া হয়, ক্যাডেটে ভর্তির নিশ্চয়তা দেয়া হয় ইত্যাদি ইত্যাদি।

কোন কোন স্কুল বিজ্ঞাপনে একথাও জানিয়েছে যে ইংরেজী ভাষায় ছাত্রছাত্রীদের দক্ষতা অর্জনের জন্যে তারা প্রত্যেক ক্লাসেই বিদেশী শিক্ষাবিদদের লেখা ইংরেজী বই পড়ায়।

এসব বিজ্ঞাপন পাড়ে আকর্ষণ

একজন অভিভাবককে জিজ্ঞেস

করা হলে তিনি জানান যে ভালো ইংরেজী শেখার জন্যে ছেলেকে কোর্জতে ভর্তি করানো হয়েছে।

আরেকজন অভিভাবক বলেছেন যে ছেলেকে ক্যাডেট কলেজে ভর্তি করানোর উপস্থিত করতে তিনি ছেলেকে প্রি-ক্যাডেট স্কুলে দিয়ে

ছিলেন। এদের এসব কোর্জ বা প্রি-ক্যাডেট স্কুলে ভর্তি করালে সত্যি কি স্কুলে ভর্তি করালে পূরণ হয়? অভিভাবকের আশা এর জবাবে মহানগরী